# গৃহযুদ্ধে মিয়ানমারে পাঁচ বছরে প্রাণহানি ১ লাখ ছাড়াল



সংগৃহীত ছবি

মিয়ানমারে সামরিক অভ্যুত্থানের পর শুরু হওয়া সংঘাতে গত পাঁচ বছরে এক লাখের বেশি মানুষের মৃত্যু হয়েছে বলে জানিয়েছে সংঘাত পর্যবেক্ষণকারী সংস্থা আর্মড কনফ্লিক্ট লোকেশন অ্যান্ড ইভেন্ট ডাটা (এসিএলইডি)।

বুধবার (২ জুলাই) প্রকাশিত সংস্থাটির এক প্রতিবেদনে বলা হয়, ২০২১ সালের সামরিক অভ্যুত্থানের পর থেকে দেশটিতে সংঘাত-সংশ্লিষ্ট প্রাণহানির সংখ্যা অন্তত ১ লাখ ১১৪ জনে পৌঁছেছে। বিভিন্ন গণমাধ্যমে প্রকাশিত তথ্য বিশ্লেষণ করে এ হিসাব তৈরি করা হয়েছে।

২০২১ সালে সামরিক বাহিনী অং সান সু চির নির্বাচিত সরকারকে ক্ষমতাচ্যুত করার পর থেকেই মিয়ানমারজুড়ে রাজনৈতিক অস্থিরতা শুরু হয়। বিক্ষোভ দমনে কঠোর পদক্ষেপের পর পরিস্থিতি ধীরে ধীরে পূর্ণাঙ্গ সশস্ত্র সংঘাতে রূপ নেয়। এরপর দেশটির বিভিন্ন অঞ্চলে জান্তা বাহিনী ও সশস্ত্র প্রতিরোধ গোষ্ঠীগুলোর মধ্যে লড়াই অব্যাহত রয়েছে।

এসিএলইডির তথ্য অনুযায়ী, দীর্ঘ এই সংঘাতে বহু বেসামরিক নাগরিকও প্রাণ হারিয়েছেন। তবে সংঘাতের মোট প্রাণহানির বিষয়ে মিয়ানমারের সামরিক সরকার আনুষ্ঠানিক কোনো পরিসংখ্যান প্রকাশ করেনি।

LENS ASIA